# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, গাজীপুর

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- চীফ/মেট্রো/ম্যাজিঃ/আদাঃ/গাজী-৫৯৭/২২ তারিখঃ ২১/০৬/২০২২ খ্রিঃ

গাজীপুর চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্টে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগযোগ্য নিম্নলিখিত শূন্যপদ পূরণের নিমিত্ত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | নিয়োগবিধি অনুযায়ী ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ০৫ (পাঁচ)টি | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড- ১৩) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং (গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ (আশি) শব্দ ও বাংলায় ৫০ (পঞ্চাশ) শব্দ লেখার সর্বনিম্ন গতি থাকতে হবে। (ঘ) কম্পিউটারে প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন টাইপিং গতি ৩০ (ত্রিশ) শব্দ ও বাংলায় সর্বনিম্ন টাইপিং গতি ২৫ (পঁচিশ) শব্দ থাকতে হবে। |
| ২. | লাইব্রেরী সহকারী (ক্যাটালগার) | ০১ (এক)টি | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড- ১৩) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাপ্রাপ্ত হতে হবে, কম্পিউটার পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৩. | নাজির | ০১ (এক)টি | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড- ১৪) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী, কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৪. | হিসাবরক্ষক | ০১ (এক)টি | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড- ১৪) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রী, কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৫. | রেকর্ডকীপার | ০১ (এক)টি | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড- ১৪) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী, কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৬. | তুলনা সহকারী | ০১ (এক)টি | ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড- ১৫) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী, কম্পিউটার পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৭. | বেঞ্চ সহকারী | ০৫ (পাঁচ)টি | ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড- ১৫) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী, কম্পিউটার পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৮. | ষ্টোরকীপার | ০১ (এক)টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৯. | ক্যাশিয়ার | ০১ (এক)টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬) | কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১০. | হিসাব সহকারী | ০১ (এক)টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রী, হিসাব সংরক্ষণে এবং কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১১. | কম্পিউটার মুদ্রাক্ষরিক/কপিষ্ট | ০১ (এক)টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী, বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ এবং ৩৫ শব্দের গতি থাকতে হবে। |
| ১২. | সহকারী রেকর্ড কীপার | ০১ (এক)টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী, কম্পিউটারে পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১৩. | ড্রাইভার | ০২ (দুই)টি | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬) | অষ্টম শ্রেণী পাস এবং মোটরগাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে, অভিজ্ঞ প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। |
| ১৪. | অফিস সহায়ক | ০৯ (নয়)টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড- ২০) | যে কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

### শর্তাবলী

১. প্রার্থীকে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জাতীয়তা, (ছ) ধর্ম, (জ) জন্ম তারিখ, (ঝ) আগামী ৩১/৭/২০২২ খ্রিঃ তারিখে বয়স, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন নম্বর, (ঠ) অন্যান্য অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতঃ আবেদনপত্র আগামী ৩১/৭/২০২২ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কুরিয়ার সার্ভিস বা ডাকযোগে পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত দরখাস্ত কোনভাবেই গ্রহণযোগ্য হবে না।

২. প্রার্থীর বয়সসীমা ৩১/৭/২০২২ খ্রিঃ তারিখে ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার হলফনামা গ্রহণযোগ্য হবে না।

৩. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ-

(ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী সীলসহ) কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।

(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী সীলসহ) কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের অনুলিপি।

(গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী সীলসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানগণকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী হালনাগাদকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(চ) আবেদনকারীগণকে অতিরিক্ত হিসাবে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কম্পিউটার অপারেটিং ও টাইপের ন্যূনতম গতি অর্জন সংক্রান্ত সনদপত্র দাখিল করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

(ছ) "চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, গাজীপুর" বরাবর আবেদনপত্রের সাথে পরীক্ষা ফি বাবদ প্রত্যেক পদের জন্য ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যেকোন বাণিজ্যিক ব্যাংক হতে প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

(জ) আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ১৫ (পনের) টাকার ডাকটিকেট সম্বলিত ১০ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং খামের উপরে পদের নাম ও নিজ জেলা স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

(ঝ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী সীলসহ) কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের অনুলিপি।

(ঞ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী সীলসহ) কর্তৃক সত্যায়িত ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি (ড্রাইভার প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)।

৪. চাকুরীরত প্রার্থীগণকে নির্ধারিত তারিখের মধ্যে স্বীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫. শূন্যপদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে। কোন নির্দিষ্ট কোটার আবেদনকারীকে সংশ্লিষ্ট কোটার অধিকারী মর্মে প্রমাণপত্র দাখিল করতে হবে এবং এরূপ আবেদনপত্র ও খামের উপর কোন কোটার আবেদন করা হয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। কোটা দাবি করে দাখিলীয় আবেদনপত্র ও খামে সুনির্দিষ্টভাবে কোটা উল্লেখ করা না হলে উক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

৭. চূড়ান্ত মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৮. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯. উপযুক্ত প্রার্থীর লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় পত্রের মাধ্যমে ও চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, গাজীপুরে রক্ষিত নোটিশ বোর্ডে জানিয়ে দেয়া হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় সন্তোষজনকভাবে উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় ডাকা হবে।

১০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ কায়সারুল ইসলাম)
চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, গাজীপুর
ও
চেয়ারম্যান
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট গাজীপুর।

জিডি-৭১৬/২২ (১২˝×৪)